The Bangladesh Times



তারিখ ২৮/৯/৮১

# শিক্ষা মন্ত্রণালয়
# গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
# বিজ্ঞপ্তি

**বাংলাদেশের সকল স্বীকৃতিপ্রাপ্ত বেসরকারী নিম্ন মাধ্যমিক/মাধ্যমিক বিদ্যালয়, মাদ্রাসা ও কলেজ জরিপ, ১৯৮১।**

এতদ্বারা বাংলাদেশের সকল স্বীকৃতিপ্রাপ্ত বেসরকারী নিম্ন-মাধ্যমিক/মাধ্যমিক বিদ্যালয়, মাদ্রাসা ও কলেজ কর্তৃপক্ষকে জানানো যাইতেছে যে, বাংলাদেশ সরকার দেশের উল্লিখিত সকল শিক্ষা প্রতিষ্ঠান এবং ঐ সকল শিক্ষা প্রতিষ্ঠানের নিয়মিত শিক্ষক শিক্ষিকাবৃন্দ সম্পর্কে বিস্তারিত জরুরী তথ্য সংগ্রহের নিমিত্ত অনতিবিলম্বে দেশব্যাপী জরিপের কর্মসূচী গ্রহণ করিয়াছেন। এই উদ্দেশ্যে নিম্ন মাধ্যমিক/মাধ্যমিক বিদ্যালয়, মাদ্রাসা ও কলেজের জন্য পৃথকভাবে প্রতিষ্ঠান সম্পর্কিত ফর্ম এবং শিক্ষক/শিক্ষিকা সম্পর্কিত ফর্ম প্রণয়ন করা হইয়াছে। পূরণ করিবার নির্দেশিকাসহ এই সকল ফর্ম কোথায় পাওয়া যাইবে এবং পূরণ করিয়া কোন কোন ঠিকানায় পাঠাইতে হইবে তাহা জাতীয় দৈনিক সংবাদপত্র সমূহে এবং জেলা ও মহকুমা পর্যায়ে প্রকাশিত দৈনিক/সাপ্তাহিক পত্র পত্রিকায় বিজ্ঞপ্তির মাধ্যমে প্রচার করা হইয়াছে। পূরণকৃত ফর্ম পাঠাইবার শেষ তারিখ ছিল ৩০শে সেপ্টেম্বর, ১৯৮১।

উপরোক্ত বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠান সমূহের সুবিধার্থে ফর্ম জমা দেওয়ার শেষ তারিখ ২৪শে অক্টোবর, ১৯৮১ পর্যন্ত বর্ধিত করা হইল।

পুনরায় উল্লেখ করা যাইতেছে যে, প্রত্যেকটি প্রতিষ্ঠান শিক্ষক/শিক্ষিকা সম্পর্কিত এবং প্রতিষ্ঠান সম্পর্কিত যাবতীয় ফর্মের এক একটি করিয়া পূর্ণ সেট নিম্নলিখিত তিনটি ঠিকানায় রেজিষ্টিকৃত (অ্যাকনলেজমেন্ট ডিউ সহ) ডাকযোগে অথবা প্রতিষ্ঠানের পক্ষ হইতে দায়িত্বপ্রাপ্ত ব্যক্তির মারফত প্রেরণ করিয়া সংশ্লিষ্ট দপ্তরগুলি হইতে প্রাপ্তি-রশিদ গ্রহণ করিবেন। ডাকযোগে প্রেরিত ফর্মের প্রাপ্তি-রশিদ সংশ্লিষ্ট তিনটি দপ্তর হইতেও পাঠানো হইবে।

**পূরণকৃত ফর্ম পাঠাইবার ঠিকানাসমূহ ঃ**

১। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা পরিদপ্তর, শিক্ষা ভবন, ৬, আব্দুল গনি রোড, ঢাকা—২।

২। পরিচালক, পরিদর্শন ও হিসাব নিরীক্ষণ পরিদপ্তর (শিক্ষা মন্ত্রণালয়), গনভবন কমপ্লেক্স, শেরে বাংলা নগর, ঢাকা-৭।

৩। পরিচালক, বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো, শিক্ষা মন্ত্রণালয়, ১নং এশিয়ান মহাসড়ক (পলাশী-নীলক্ষেত) ঢাকা-৫।

ফর্ম জমা দেওয়ার বর্ধিত সময়সীমা ২৪শে অক্টোবর, ১৯৮১।

সচিব
শিক্ষা মন্ত্রণালয়

তবম ৬৪৮৬ (২৪-৯)

জিসি - ১৯৯৬